# AKASHVANI (AIR)
# RNU: KOLKATA
# Bengali News
# 10.05.2024 7.50 P.M.

বিশেষ বিশেষ খবর –

১/ ভোটের প্রচারে শাসক ও বিরোধী দলের নেতারা আজ’ও সন্দেশখালি ইস্যুতে পরস্পরকে আক্রমণ করেছেন।

২/ ভোট ব্যাঙ্কের জন্যই রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকার সংশোধিত নাগরিকত্ব আইন CAA –এর বিরোধিতা করছে বলে মন্তব্য করেছেন প্রবীণ বিজেপি নেতা স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ।

# তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক ব্যানার্জি-র অভিযোগ, সামান্য কিছু ভোটের জন্য বিজেপি, রাজ্যের ১০ কোটি মানুষকে অসম্মান করেছে।

৩/ সন্দেশখালি নিয়ে নির্বাচন কমিশনে পরস্পরের বিরুদ্ধে অভিযোগ করেছে তৃণমূল কংগ্রেস ও জাতীয় মহিলা কমিশন।

৪/ সপ্তম দফার ভোটের জন্য আজ মনোনয়ন পেশ করেছেন, শাসক ও বিরোধী পক্ষের বেশ কয়েকজন প্রার্থী।

৫/ রাজ্যের সব জেলাতেই আগামী বৃহস্পতিবার পর্যন্ত হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

*************************************************************

ভোটের প্রচারে শাসক ও বিরোধী দলের নেতারা আজ’ও সন্দেশখালি ইস্যুতে পরস্পরকে আক্রমণ করেছেন।

এদিকে, চতুর্থ দফার লোকসভা ভোটের প্রচার শেষ হতে বাকি আর মাত্র একদিন। এই দফায় রাজ্যের যে ৮’টি আসনে আগামী সোমবার ভোট নেওয়া হবে, তার মধ্যে একটি হল রাণাঘাট। এই কেন্দ্র নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন-

প্রবীন বিজেপি নেতা, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নদীয়ার রাণাঘাট লোকসভা কেন্দ্রের দলীয় প্রার্থী জগন্নাথ সরকারের সমর্থনে মাজদিয়ায় এবং বীরভূমের প্রার্থী দেবতনু ভট্টাচার্যের সমর্থনে রামপুরহাটে জনসভা করেন। রাণাঘাটের সভায় তিনি বলেন, ভোটব্যাঙ্কের জন্য রাজ্যের তৃণমূল কংগ্রেস সরকার সংশোধিত নাগরিকত্ব আইন CAA-এর বিরোধিতা করছে।

বীরভূমের সভায় অমিত শাহ্, দুর্নীতির প্রশ্নে তৃণমূল কংগ্রেসকে কড়া ভাষায় আক্রমণ করেন।

রামপুরহাট থেকে শ্রী শাহ্ যান রাণিগঞ্জে। আসানসোলের দলীয় প্রার্থী এস এস আলুওয়ালিয়ার সমর্থনে রোড শো করেন তিনি।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেস নেতা অভিষেক ব্যানার্জি আজ আসানসোলের দলীয় প্রার্থী শত্রুঘ্ন সিনহার সমর্থনে রোড শো করেন। এখানেও সন্দেশখালির প্রসঙ্গ তুলে বিজেপিকে আক্রমণের নিশানা করেন তিনি।

বিজেপি নেতা অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা আজ ব্যারাকপুরের প্রার্থী অর্জুন সিং-এর সমর্থনে উত্তর ২৪ পরগণার শ্যামনগরে এবং হুগলীর প্রার্থী লকেট চ্যাটার্জির সমর্থনে বলাগড়ে বিজয় সংকল্প সভা করেন।

শ্যামনগরের সভার পর সন্দেশখালি ইস্যুতে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে হিমন্ত প্রশ্ন তোলেন, হাইকোর্ট যখন CBI তদন্তের নির্দেশ দিয়েছে, তখন মুখ্যমন্ত্রী কেন এনিয়ে মন্তব্য করছেন?

********************

মেদিনীপুর লোকসভা আসনের প্রার্থী অগ্নিমিত্রা পালের সমর্থনে আজ খড়গপুর শহরে জনসভা করেন বিজেপির প্রবীণ নেতা রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো।

বহরমপুর কেন্দ্রের কংগ্রেস প্রার্থী অধীর চৌধুরীর সমর্থনে আজ সন্ধ্যায় বেলডাঙায় জনসভা করেন, কংগ্রেস নেতা, উর্দু কবি ইমরান প্রতাপগড়ী।

********************

সন্দেশখালি ইস্যুতে তৃণমূল কংগ্রেস এবং জাতীয় মহিলা কমিশন পরস্পরের বিরুদ্ধে নির্বাচন কমিশনে অভিযোগ জানিয়েছে। পদের অপব্যবহার করে জাতীয় মহিলা কমিশনের চেয়ারপারসন রেখা শর্মা সন্দেশখালির ঘটনা নিয়ে চক্রান্ত করেছেন বলে তৃণমূল কংগ্রেসের অভিযোগ। দলের মুখপাত্র, রাজ্য মন্ত্রিসভার সদস্য শশী পাঁজার দাবি, রেখা শর্মার নাম বলেছেন সন্দেশখালির মহিলারাই।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে পাল্টা অভিযোগ করেছেন রেখা শর্মা। মুখ্য নির্বাচন কমিশনারকে লেখা চিঠিতে তিনি বলেছেন, সন্দেশখালির নির্যাতিতাদের অভিযোগ প্রত্যাহার করে নিতে বাধ্য করছে বাংলার শাসক দল। অবাধ ও সুষ্ঠু নির্বাচনে এর প্রভাব পড়তে পারে। প্রশাসনকে এব্যাপারে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিতে কমিশনের কাছে আবেদন জানিয়েছে জাতীয় মহিলা কমিশন।

মহিলা কমিশনের প্রধানের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেসের নির্বাচন কমিশনে যাওয়াকে তীব্র কটাক্ষ করেছেন বিজেপি মুখপাত্র, রাজ্যসভার সাংসদ শমীক ভট্টাচার্য। আজ বহরমপুরে সাংবাদিকদের মুখোমুখি হয়েছিলেন তিনি।

********************

সন্দেশখালি স্টিং অপারেশনের ভিডিও ভুয়ো বলে দাবি করে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন সন্দেশখালির বিজেপি নেতা গঙ্গাধর কয়াল। গত শনিবার ঐ ভিডিও সমাজ মাধ্যমে ভাইরাল হয়। তৃণমূল কংগ্রেসের দাবি, এতে দেখা গেছে, গঙ্গাধর কয়াল স্বীকার করছেন সন্দেশখালিতে ধর্ষণের অভিযোগ সাজানো। টাকার বিনিময়ে মিথ্যা অভিযোগ দায়ের করেছেন মহিলারা। এ নিয়ে ভোটের মধ্যেই উত্তপ্ত হয়ে ওঠে রাজ্য রাজনীতি। ভিডিও প্রকাশ্যে আসার পরই বিরোধীদল নেতা শুভেন্দু অধিকারী দাবি করেছিলেন, গঙ্গাধর, এর বিরুদ্ধে হাইকোর্টে যাবেন। সিবিআই তদন্তেরও দাবি জানান তিনি। আজ হাইকোর্টে বিচারপতি জয় সেনগুপ্তের এজলাসে মামলা দায়ের করার অনুমতি চান গঙ্গাধর। বিচারপতি সেই অনুমতি দিয়েছেন। হাইকোর্টে নিরাপত্তার আবেদনও জানিয়েছেন গঙ্গাধর। আগামী সোমবার এই মামলার শুনানি হতে পারে।

********************

সপ্তম দফা লোকসভা ভোটের মনোনয়ন পেশের কাজ এগিয়ে চলেছে।

ডায়মন্ড হারবার কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী অভিষেক ব্যানার্জি আজ বর্ণাঢ্য পদযাত্রা করে আলিপুরে দক্ষিণ ২৪ পরগণার জেলাশাসকের দপ্তরে গিয়ে মনোনয়ন জমা দেন। সঙ্গে ছিলেন দলীয় কর্মী সমর্থকরা। বেরিয়ে এসে সন্দেশখালি প্রসঙ্গে বিজেপিকে তীব্র আক্রমণ করে তিনি বলেন, সামান্য ভোটের জন্য বিজেপি বাংলার ১০ কোটি মানুষের অসম্মান করেছে। গোধরা এবং পুল ওয়ামার কথাও এই ইস্যুতে টেনে আনেন অভিষেক।

কলকাতা-উত্তর কেন্দ্রের তৃণমূল প্রার্থী সুদীপ বন্দ্যোপাধ্যায়'ও আজ মনোনয়ন পেশ করেছেন। সঙ্গে ছিলেন মন্ত্রী শশী পাঁজা ও বিধায়ক অতীন ঘোষ।

এই কেন্দ্রের বিজেপি প্রার্থী তাপস রায় এবং কলকাতা-দক্ষিণ কেন্দ্রের বিজেপি প্রার্থী দেবশ্রী চৌধুরী আজ রোড শো করে মনোনয়ন জমা দিতে যান। তাপস রায়ের সঙ্গে ছিলেন ত্রিপুরার মুখ্যমন্ত্রী মাণিক সাহা।

দমদম কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী সৌগত রায়, এই কেন্দ্রের CPIM প্রার্থী সুজন চক্রবর্তী, বসিরহাট লোকসভা কেন্দ্রের কংগ্রেস সমর্থিত CPIM প্রার্থী নিরাপদ সর্দার এবং বারাসাতের ফরোয়ার্ড ব্লক প্রার্থী সঞ্জীব চট্টোপাধ্যায়ও আজ মনোনয়ন জমা দিয়েছেন।

বরানগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের জন্য প্রার্থীপদ দাখিল করেছেন তৃণমূল কংগ্রেসের সায়ন্তিকা ব্যানার্জী।

যাদবপুরের বিজেপি প্রার্থী ডক্টর অনির্বাণ গাঙ্গুলীর মনোনয়ন পেশের রোড শো-এ উপস্থিত ছিলেন প্রবীণ বিজেপি নেতা, রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো।

********************

নির্দিষ্ট সময় পেরিয়ে যাওয়ার পরেও রোড শো চলার অভিযোগে বর্ধমান- দুর্গাপুর কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষের রোদ শো আটকে দিল নির্বাচন কমিশন। পূর্ব বর্ধমানের রায়ান স্কুল মোড় থেকে শুরু হয়ে গোটা গ্রাম ঘুরে সেখানেই এই রোড শো শেষ হবার কথা ছিল। কিন্তু রায়ানের দুর্গাতলায় কমিশনের প্রতিনিধিরা তাঁদের আটকে দিলে দু-পক্ষের বাকবিতন্ডা শুরু হয়। দেখা দেয় তীব্র উত্তেজনা। বিজেপির জেলা সভাপতি অভিজিত তা অভিযোগ করেন, শাসক দলের হয়ে কাজ করছে কমিশনের লোকেরা। অন্যদিকে, কমিশনের প্রতিনিধিদের দাবী, সময় উত্তীর্ণ হয়ে যাওয়ায় রোড শো বন্ধ করার অনুরোধ জানানো হয়। দিলীপ ঘোষ দাবী করেন, নির্দিষ্ট শেষ করা হয়েছে, কিন্তু বিনা কারণে তাঁদের গাড়ি আটকে দেওয়া হয়।

********************

**ভোটের আগেই পূর্ব বর্ধমানের  ভাতার বাজারে বিজয় মিছিল করল তৃণমূল কংগ্রেস। উপস্থিত ছিলেন ভাতারের বিধায়ক মান গোবিন্দ অধিকারী  ও**
**দলের ব্লক সভাপতি বাসুদেব যশ সহ দলের কর্মীরা। সবুজ আবির খেলায় মেতে ওঠেন তাঁরা।  বিরোধীরা এই মিছিলকে গুরুত্ব দিতে নারাজ।**

********************

**মুর্শিদাবাদের ভরতপুর বিধানসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস বিধায়ক হুমায়ুন কবিরকে নির্বাচন কমিশন শো কজ করেছে। ভোটের প্রচারে বিজেপি প্রার্থীদের সম্পর্কে তাঁর কিছু মন্তব্য আদর্শ আচরণ বিধি লঙ্ঘন করেছে বলে অভিযোগ। 13 তারিখের মধ্যে হুমায়ুনকে শো কাজের জবাব দিতে হবে।**

********************

**আগামী ২৫মে ষষ্ঠ দফার ভোটের জন্য নির্বাচন কমিশন রাজ্যের আটটি কেন্দ্রে পাঁচ জন পুলিশ পর্যবেক্ষক নিযুক্ত করেছে।**
**তমলুক ও কাঁথির জন্যে IPS রাজাশেখর বাবু, ঘাটাল ও মেদিনীপুরের জন্যে সুজিত কুমার, ঝাড়গ্রামের জন্যে কৃষ্ণকুমার ভি কে, পুরুলিয়ায় রাজশেখর লাকড়া এবং বাঁকুড়া ও বিষ্ণুপুরের জন্য আর গঙ্গাধর রাও-কে নিয়োগ করা হয়েছে।**
**এছাড়াও এই দফার জন্যে ৯ জন সাধারণ পর্যবেক্ষক ও ৮ জন ব্যায়  পর্যবেক্ষক থাকবেন।**

********************

**জোড়া ঘূর্ণাবর্ত এবং অক্ষরেখার প্রভাবে দক্ষিণবঙ্গের সব জেলাতেই আজ বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। সঙ্গে বইবে ঘন্টায় ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া।**

**রাজ্যের সব জেলাতেই আগামী বৃহস্পতিবার পর্যন্ত হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা।**

**কলকাতায় আজ সর্বোচ্চ এবং সর্বনিম্ন- দুটি তাপমাত্রাই স্বাভাবিকের চেয়ে ৫ ‘ডিগ্রি কম, ৩০ দশমিক ৪ এবং ২১ দশমিক ৯’ডিগ্রি সেলসিয়াস।**

**************************************************************